

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭১০

৩. যাকাত অধ্যায় (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ ৩৪. যে ব্যক্তি কোনো শর্তে ইসলাম গ্রহণ করে

بَابِ مَنْ أُسْلَمَ عَلَى شَيْءٍ

আরবী

أَخْبَرَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا أَبَانُ بْنُ عَبْدِ اللَّهِ الْبَجَلِيُّ حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي حَازِمٍ عَنْ صَخْرِ بْنِ الْعَيْلَةِ قَالَ أُخِذَتْ عَمَّةُ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ فَقَدِمَتْ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَمَّتَهُ فَقَالَ يَا صَخْرُ إِنَّ الْقَوْمَ إِذَا أَسْلَمُوا وَسَلَّمَ فَصَالًى النَّبِيَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَمَّتَهُ فَقَالَ يَا صَخْرُ إِنَّ الْقَوْمَ إِذَا أَسْلَمُوا أَحْرَزُوا أَمْوَالَهُمْ وَدِمَاءَهُمْ فَادْفَعْهَا إِلَيْهِ وَكَانَ مَاءً لِبَنِي سُلَيْمٍ فَأَسْلَمُوا فَسَأَلُوهُ ذَلِكَ فَدَعَانِي فَقَالَ يَا صَخْرُ إِنَّ الْقَوْمَ إِذَا أَسْلَمُوا أَحْرَزُوا أَمْوَالَهُمْ وَدِمَاءَهُمْ فَادْفَعْهَا إِلَيْهِ فَكَانَ مَاءً لِبَنِي سُلَيْمٍ فَاسْلَمُوا غَسْأَلُوهُ ذَلِكَ فَدَعَانِي فَقَالَ يَا صَخْرُ إِنَّ الْقَوْمَ إِذَا أَسْلَمُوا أَحْرَزُوا أَمْوَالَهُمْ وَدِمَاءَهُمْ فَادْفَعْهَا إِلَيْهِمْ فَدَعَانِي فَقَالَ يَا صَخْرُ إِنَّ الْقَوْمَ إِذَا أَسْلَمُوا أَحْرَزُوا أَمْوَالَهُمْ وَدِمَاءَهُمْ فَادْفَعْهَا إِلَيْهِمْ فَدَعَانِي فَقَالَ يَا صَخْرُ إِنَّ الْقَوْمَ إِذَا أَسْلَمُوا أَحْرَزُوا أَمْوَالَهُمْ وَدِمَاءَهُمْ فَادْفَعْهَا إِلَيْهِمْ

বাংলা

১৭১০. সাখর ইবনুল আইলাহ রাদ্বিয়াল্লাভ্ আনভ্ হতে বর্ণিত, তিনি বলেন, আমি মুগীরা ইবন শো'বা রাদ্বিয়াল্লাভ্ আনভ্ এর ফুফুকে বন্দী করলাম। তখন সে রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ 'আলাইহি ওয়া সাল্লাম এর নিকট উপস্থিত হলো। এরপর তিনি নবী সাল্লাল্লাভ্ 'আলাইহি ওয়া সাল্লাম এর নিকট গিয়ে তাঁর ফুফুকে (ফেরত) চাইলেন। এরপর তিনি (আমাকে ডেকে) বললেন: "হে সাখর! যখন কোন কওম মুসলিম হয়, তখন তাদের রক্ত (জান)-মালের হিফাযত করবে। তুমি তাকে (মুগীরার ফুফুকে) তাঁর (মুগীরার) নিকট ফিরিয়ে দাও।" আবার বনী সুলাইমের একটি পুকুর ছিল। অবশেষে বনী-সুলাইম ইসলাম গ্রহণ করার পর তারা তাঁর নিকট এটি ফেরত চাইলো। এরপর তিনি (নবী সাল্লাল্লাভ্ 'আলাইহি ওয়া সাল্লাম) আমাকে ডেকে বললেন: "হে সাখর! যখন কোন কওম মুসলিম হয়, তখন তাদের রক্ত (জান)-মালের হিফাযত করবে। সুতরাং ঐ (কওমের পুকুর)-টি তাদেরকে ফিরিয়ে দাও।" ফলে আমি তা ফেরত দিলাম।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান।



তাখরীজ: ইবনু আবী শাইবা, ১২/৩১১; ইবনু সা'দ, আত তাবাকাত ৬/১৯; তাবারাণী, কাবীর ৪/৩১০-৩১১; ৮/২৯-৩০ নং ৭২৭৯, ৭২৮০; আবৃ দাউদ, খারাজ ওয়াল ইমারাহ ৩০৬৭; বাইহাকী, সিয়ার ১/১১৪; ইবনু কাছীর, বিদা'আহ ৪/৩৪২; আহমাদ ৪/৩১০; পরবর্তী হাদীসটি দেখুন। আরও দেখুন, আদ দিরায়াহ ২/১২১-১২২; তালখীসুল হাবীর ৪/১১০, ১২০; আর আবী হুরাইরা রা: এর হাদীসটি বর্ণিত হয়েছে মুসনাদুল মাউসিলী নং ৫৮৪৭ তে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সাখর ইবনু আইলাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন